

১.নীচের অনুচ্ছেদটি ভালো করে পড়ে
প্রশ্নগুলির উত্তর লেখো।

রেডিওর খবরে দীপেন ধসের কথা শুনলো।
দার্জিলিং থেকে শিলিগুড়ির পথে ধস নেমেছে।
সব গাড়ি ঘুর পথে যাচ্ছে। স্কুলে এসে অন্যদের
বলল সে কথা। ধস কি? কিভাবে হয়? শেষে
স্যার কে জিজ্ঞাসা করল।

স্যার বললেন- মাটি ধসে পড়া দেখনি ?

পুকুরপাড়ের মাটি মাঝে মাঝে ধসে পড়ে।

পুকুরের পার খাড়া। সেই রকম খারা পাহাড়ের
রাস্তার ধার। উপরে দেখবে একটা বড়ো পাথর।

হয়তো তার তলায় মাটি। উপরের পাথরটা

অনেকদিন ধরে একটু একটু করে সরছে। খুব

বৃষ্টিতে তলার মাটিটা গলে গেল। পাথরটা পড়ে

গেল। পড়ার সময় আরো কিছু গাছ- পাথর নিয়ে

পড়ল। ভূমিকম্প হলেও পাহাড়ে ধস নামে।।

ক। যখন মানুষের কাছে টিভি বা মোবাইল
কিছুই ছিল না তখন বিনোদনের একমাত্র
মাধ্যম ছিল

রেডিও /কম্পিউটার/ হোম থিয়েটার/ স্পিকার
খ। সুগন্ধি চায়ের জন্য বিখ্যাত-

আসাম /দার্জিলিং/ শিলিগুড়ি/ কেরালা
গ। পুকুর শব্দের অর্থ-

ক্ষুদ্র জলাশয়/ জলধি /জলধর/ সায়র
ঘ। ছোটবেলায় পড়া ছড়া-

বৃষ্টি পরে টাপুর টুপুর
.....এলো বান।

পুকুরে /নদে / নদীতে/ পাড়ে

ঙ। কোন দেশে বেশি ভূমিকম্প হয়?

জাপান/ ভারত/ নেপাল/ ভুটান

